গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
দারিদ্র্য বিমোচন ও ঋণ কর্মসূচী অধিশাখা

## ২০২২-২০২৩ অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন বিষয়ক ২য় সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | এ কে এম মফিজুল ইসলাম<br>পরিচালক (দারিদ্র্য বিমোচন ও ঋণ কর্মসূচী) ও ইনোভেশন অফিসার , যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। |
| সভার তারিখ | ২২/১২/২০২২ খ্রি. |
| সভার সময় | ১১.০০ ঘটিকা |
| স্থান | পরিচালকের অফিস কক্ষ। |
| উপস্থিতি | উপস্থিত সদস্যের নামের তালিকা পরিশিষ্ট “ক”-তে দেখানো হলো। |

সভাপতি উপস্থিত সকল সম্মানীত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় যুব উন্নয়ন অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপনের জন্য সদস্য-সচিবকে আহ্বান জানানো হয়। সদস্য-সচিব প্রতিটি কার্যক্রম, কর্মসম্পাদনের সূচক এবং বাস্তবায়নের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত কর্মপরিকল্পনার অগ্রগতি বিষয়ে আলোচনা এবং গৃহীত সিদ্ধান্ত নিম্নে বর্ণনা করা হলোঃ

| নং | কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | ১.১. সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | ক. সদস্য-সচিব ইনোভেশন টিম সভায় অবগত করেন যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনায় চলতি ২০২২-২৩ অর্থবছরের ন্যুনতম একটি উদ্ভাবনী ধারণা সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ০৪/০৫/২০২৩ খ্রি. তারিখের মধ্যে বাস্তবায়ন করার নির্দেশনা রয়েছে।<br><br>খ. চলতি অর্থবছরে ১ম সভার সিদ্ধান্ত মোতাবেক **“ঋণের ডাটাবেজ তৈরীর মাধ্যমে ঋণ কার্যক্রম নিরীক্ষা সহজিকরণ’’** শিরোনামে উদ্ভাবনী ধারণা এ অর্থবছরে বাস্তবায়নের জন্য নির্ধারণ করা হয়েছে।<br><br>গ. ০২/১১/২০২২ খ্রি. তারিখ থেকে ঢাকা, ফরিদপুর, খুলনা, সাতক্ষীরা এবং দিনাজপুর জেলায় বর্ণিত উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের জন্য পাইলটিং কার্যক্রম শুরু করা হয়েছে। | ক. গৃহীত উদ্ভাবন ধারণা প্রতিটি ধাপ নির্ধারিত সময়-সীমার মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>খ. পাইলটিং কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি নিয়মিত মনিটির করতে হবে। | ইনোভেশন টিম |

| | | | | |
|---|---|---|---|---|
| | ১.২. ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবাসমূহ চালু রাখা | ক. পূর্ববর্তি সভার সিদ্ধান্ত মোতাবেক ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ তৈরীকৃত ডাটাবেজ সভায় উপস্থাপন করা হয়। সভায় আরো জানানো হয় যে, প্রস্তুতকৃত ডাটাবেজ নির্ধারিত ফরমেটে পূরণ করে ১১/১০/২০২২ খ্রি. তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।<br>খ. সে সকল সেবা ইতঃপূর্বে বাস্তবায়িত হয়েছে সেগুলো কার্যকর/সচল রাখার নির্দেশনা রয়েছে বলে সভায় অবগত করা হয়। এ লক্ষ্যে যে সেবাসমূহ চালু রয়েছে সেগুলো সচল রাখা এবং যে সেবা চালু নেই তা কর্মপরিকল্পনার নির্ধারিত সময়সীমা ০৪/০৫/২০২৩ খ্রি. তারিখের মধ্যে সচল/কার্যকর করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ক. প্রস্তুতকৃত ডাটাবেজে সেসকল সেবা চালু রয়েছে সেগুলো সচল রাখা অব্যাহত রাখতে হবে।<br><br>খ. যে সকল সেবা চালু নেই সেগুলোকে চিহ্নিত করে আগামী ০৪/০৫/২০২৩ খ্রি. তারিখের মধ্যে সচল/কার্যকর করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ইনোভেশন টিম |

| নং | কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | ১.৩. ই-নথির ব্যবহার বৃদ্ধি | ২০২২-২৩ অর্থবছরে ই-নথির ব্যবহার ৮৫%-এ উন্নীত করতে প্রধান কার্যালয়ের সকল শাখা এবং মাঠ পর্যায়ের সকল কার্যালয়কে পত্র প্রদান করা হয়েছে। তৎপ্রেক্ষিতে নভেম্বর ২০২২ পর্যন্ত ই-নথির ব্যবহার ৮৪% উন্নীত হয়েছে বলে সভায় জানানো হয়। ই-নথির ব্যবহার বাড়ানোর জন্য অধিদপ্তরের মাসিক সমন্বয় সভায় মহাপরিচালক (গ্রেড-১) মহোদয় সকল শাখার পরিচালকদের আরো আন্তরিক হওয়ার জন্য নির্দেশনা প্রদান করেছেন। | অধিদপ্তরের ই-নথি সংক্রান্ত ফোকাল পয়েন্টকে এ ব্যাপারে নিয়মিত তদারকি এবং তথ্য সংগ্রহ করার জন্য অনুরোধ করা যেতে পারে। | ইনোভেশন টিম |
| | ১.৪. ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/ পলিসি/ কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন | ক. ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় ২০২২-২৩ অর্থবছরের যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মপরিকল্পনা প্রণয়ন করে তা ১৩/১০/২০২২ খ্রি. তারিখে অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করা হয়।<br>খ. ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় জানুয়ারি ২০২৩ এবং মে ২০২৩ মাসে লক্ষ্যমাত্রা মোতাবেক দুইটি কর্মশালা আয়োজন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | নির্ধারিত সময়সীমার মধ্যে কর্মশালা আয়োজন করতে হবে এবং কর্মশালা আয়োজনের নোটিশ এবং উপস্থিতির প্রমাণক সংরক্ষণ করতে হবে। | ইনোভেশন টিম |
| | ২.১. তথ্য বাতায়ন হালনাগাদকরণ | ত্রৈমাসিকভিত্তিতে তথ্য বাতায়ন হালনাগাদকরণ এবং প্রমাণক হিসেবে তথ্য বাতায়ন হালনাগাদকরণের স্ক্রীন-শট সংরক্ষণ এবং ইনোভেশন সেল-এ প্রেরণের জন্য আইসিটি শাখাকে অনুরোধ জানাতে সভায় আলোচনা হয়। | তথ্য বাতায়নের সকল সেবাবক্স নিয়মিত হালনাগাদ করতে হবে এবং তথ্য বাতায়ন হালনাগাদকরণের স্ক্রীন-শট প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে। | ইনোভেশন টিম |

| | | | | |
|---|---|---|---|---|
| | ২.২.১. ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন<br><br>২.২.২. ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত বরাদ্দকৃত অর্থ ব্যয় | ক. ই-গভর্ন্যান্স ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে চলতি অর্থবছরে ৪টি প্রশিক্ষণ আয়োজনের বিষয় কর্মপরিকল্পনায় উল্লেখ রয়েছে।<br><br>খ. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং সহকারি উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের সমন্বয়ে ৩০ জন করে দুইটি ব্যাচে ৩১/১২/২২ থেকে ০১/০১/২৩ এবং ২৮/০১/২৩ থেকে ২৯/০১/২৩ পর্যন্ত প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br><br>গ. চলতি অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৭.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। যা প্রশিক্ষণ, বাস্তবায়িত উদ্যোগ পরিদর্শন ও অন্যান্য খাতে ব্যয় করা যাবে বলে সভায় জানানো হয়। | কর্মপরিকল্পনা মোতাবেক প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। | ইনোভেশন টিম |
| | ২.২.৫.দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যুনতম একটি উদ্যোগ পরিদর্শন | এ বিষয়ে আলোচনায় সরকারি সিদ্ধান্তের কারণে বিদেশে বাস্তবায়িত উদ্ভাবন ধারণা পরিদর্শনের সুযোগ না থাকায় দেশের মধ্যে একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের বিষয়ে মত প্রকাশ করা হয়। সভায় কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলার লাহিনীপাড়ায় 'বেকারমুক্ত গ্রামসৃজন' শিরোনামে উদ্ভাবনী উদ্যোগটি ইনোভেশন কমিটির সদ্যস্যদের পরিদর্শনের বিষয়ে একমত পোষণ করা হয়। | আগামী জানুয়ারি -২০২৩ মাসে কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলার লাহিনীপাড়ায় 'বেকারমুক্ত গ্রামসৃজন' শিরোনামে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |

| নং | কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২. | মাঠ পর্যায়ের অফিসমূহে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সভায় জানানো হয় যে, মাঠ পর্যায়ের কার্যালয়সমুহে ২০২২-২৩ অর্থবছরে বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত কার্যক্রম বাস্তবায়নের জন্য নির্দেশনা দিয়ে মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের স্বাক্ষরে পত্র জারী করা হয়েছে। | মন্ত্রিপরিষদ বিভাগের গাইড লাইন মোতাবেক মাঠ পর্যায়ের অফিসমূহের জন্য নির্ধারিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতির তথ্য ইনোভেশন সেলে প্রেরণ করতে মাঠে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |

সভাপতি বলেন, ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। তিনি টিমের সকল সদস্যকে ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নে আন্তরিক হতে অনুরোধ করেন। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

এ কে এম মফিজুল ইসলাম
পরিচালক (দারিদ্র্য বিমোচন ও ঋণ কর্মসূচী) ও
ইনোভেশন অফিসার , যুব উন্নয়ন অধিদপ্তর,
ঢাকা।

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০২৮.৫১.০১৩.২২.১৮৫ তারিখ: ১৩ পৌষ ১৪২৯

২৮ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, ক্রীড়া-১ অনুবিভাগ ও চিফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) মহাপরিচালকের কার্যালয়ের পরিচালকগণ, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৩) জনাব --------------------------------, সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৪) প্রোগ্রামার , আইসিটি অধিশাখা , যুব উন্নয়ন অধিদপ্তর

৫) মহাপরিচালক(গ্রেড-১) এর ব্যক্তিগত সহকারি দপ্তর , যুব উন্নয়ন অধিদপ্তর



মোঃ শাহীনূর রহমান
উপপরিচালক (দা. বি. ও ঋণ) ও সদস্য-সচিব,
ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ফোন-
০২২২৩৩৮৭৭২১